তারিখ ... 10 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

সমকাল

# ৭১ লেখককে সংবর্ধনা ইউজিসির

■ সমকাল প্রতিবেদক

প্রথমবারের মতো ৭১ লেখককে সংবর্ধনা দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। গতকাল বুধবার ইউজিসি অডিটোরিয়ামে আয়োজিত লেখক সংবর্ধনা-২০১৬ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

সংস্থাটির গবেষণা ও প্রকাশনা বিভাগ থেকে প্রকাশিত লেখার জন্য লেখকদের মধ্য থেকে ৭১ জনকে এ সংবর্ধনার জন্য বেছে নেওয়া হয়। তাদের মধ্যে ৫৯ জন সরকারি বিশ্ববিদ্যালয় ও ১০ জন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। দু'জন ইউজিসির কর্মকর্তা।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, 'দেশে শিক্ষিত বেকারের সংখ্যা বাড়ছে। এর অন্যতম কারণ তারা গতানুগতিক শিক্ষা গ্রহণ করেছে। এ জন্য বিষয় বাছাই খুবই গুরুত্বপূর্ণ। আর বিশ্ববিদ্যালয়গুলোকেও বাস্তব জীবনে প্রয়োগ করা যায় এমন বিষয়ে বিভাগ খুলতে হবে। বিশ্ববিদ্যালয়ে গবেষণা আরও বাড়াতে হবে।'

তিনি বলেন, 'আমরা বিশ্বমানের চেয়ে পিছিয়ে আছি। রাতারাতি মান বাড়ানো সম্ভব নয়। এ জন্য সবচেয়ে বড় নিয়ামক শিক্ষক। আর ভালো মানের শিক্ষক তৈরিতে বিশ্ববিদ্যালয়গুলোকেই ভূমিকা রাখতে হবে।' ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে বক্তব্য রাখেন সদস্য অধ্যাপক ড. দিল আফরোজা বেগম, চবির সাবেক উপাচার্য ড. আনোয়ারুল আজিম আরিফ, ঢাবির অধ্যাপক ড. আয়শা বেগম প্রমুখ।